



স্বাস্থিক

পহেলা বৈশাখ উপলক্ষ্যে নতুন পোশাক বিতরণ-২০২৩

তারিখঃ ১৫/০৪/২০২৩

স্বাস্থিক বরাবরই অবহেলিত মানুষের পাশে থাকে তাদের মুখে হাসি ফোটানোর জন্য। পহেলা বৈশাখের প্রথম প্রহরটা শুরু হয় ফুটফুটে বাচ্চাগুলোর মুখে হাসি ফুটিয়ে। তারই ধারাবাহিকতায় ধানিবুনিয়ার ইটভাটায় সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে নতুন বছরের প্রথম দিনে নতুন পোশাক বিতরণের সিদ্ধান্ত নেয় স্বাস্থিক। এই এলাকায় বসবাস করা অধিকাংশ শিশুদের মা-বাবা কাজ করে ইটের ভাটায়। সেটা খুব সাচ্ছন্দ্যের কাজ নয়। সচ্ছলতার চিহ্ন নেই তাদের বসতিতে। বাচ্চারা পহেলা বৈশাখ চেনেওনা, বোঝেওনা। নতুন পোশাক প্রতি বছর নয়, কয়েক বছরে এক আধাবার হয়ত আসে হাতে। স্বাস্থিক পরিবার এই নববর্ষ উদযাপন করতে চেয়েছিলো এই শিশুদের মুখের হাসি দিয়েই। সংগঠনের সম্মানিত উপদেষ্টাবৃন্দের নিয়মিত অনুদানে গঠিত তহবিল থেকে আমরা চেষ্টা করেছি তাদের একটি উপহার দেওয়ার।

পূর্বে জরীপের করে নির্দিষ্ট এলাকা ও শিশুদের সংখ্যা গননার মাধ্যমে প্রায় ৩০ টি ছেলে ও মেয়েদের নতুন পোশাক কিনে সকাল ৯টায় স্বাস্থিকের ১৫ সদস্যের একটি দল রওনা হয়ে যায় ধানিবুনিয়া ইটভাটার উদ্দেশ্যে। এই প্রকল্পে মোট ব্যয় হয় ১২০০০টাকা যা বহন করা হয় স্বাস্থিকের নিজস্ব তহবিল থেকে। প্রকল্প সমন্বয়কের দায়িত্ব পালন করেন স্বাস্থিকের এক্সিকিউটিভ সদস্য দীপেন্দু মজুমদার এবং সহকারী হিসেবে ছিলো স্বাস্থিকের বাকী সদস্যবৃন্দ।

অসহায়, দুস্থ যারা, সমাজের সবচেয়ে বঞ্চিত যারা, তাদের পাশেই লাঠি হয়ে, ঢাল হয়ে কিংবা ছাদ হয়ে আমরা থাকতে চাই অস্তিমলগ্ন পর্যন্ত।

প্রতিবেদক

জয়ানন্দ মন্ডল

১৫/০৪/২০২৩

অনার্স শাখা, স্বাস্থিক